

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৪৬/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ১২ অক্টোবর, বৃহস্পতিবার ২০২৩, ২৭ আশ্বিন ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৯ অক্টোবর ময়মনসিংহ বিভাগে নির্মিত ৪০টি সেতু ভারুয়ালি উদ্বোধন করবেন
- ০২। আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে ময়মনসিংহে ব্যাপক প্রস্তুতি
- ০৩। সাম্প্রতিক বৃষ্টিতে মৎস্য চাষীদের ব্যাপক ক্ষতি
- ০৪। ময়মনসিংহের ত্রিশালে বাস চাপায় দুই নারীসহ নিহত ০৬

০১। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৯ অক্টোবর ময়মনসিংহ বিভাগে নির্মিত ৪০টি সেতু ভারুয়ালি উদ্বোধন করবেন

আগামী ১৯ অক্টোবর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ময়মনসিংহ বিভাগে নির্মিত সড়ক বিভাগের ৪০টি ব্রিজ অনলাইনে উদ্বোধন করবেন। এর মধ্যে ময়মনসিংহ জেলায় ২৩টি, নেত্রকোনায় ১২টি ও জামালপুরে ০৫টি সেতুর উদ্বোধন করা হবে। বুধবার (১৯ অক্টোবর) সকালে ময়মনসিংহ বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলনক্ষেত্রে ময়মনসিংহ বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় এ তথ্য জানানো হয়। একইসঙ্গে কেওয়াটখালী ও রহমতপুর ব্রিজের নির্মাণ কাজের উদ্বোধন করা হবে। এছাড়া বিভাগীয় পর্যায়ের বিভিন্ন দপ্তরের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে সভায় জানানো হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ, দৈনিক ঈষিকা, দৈনিক দিনের পালা, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন ও দৈনিক নিউ টাইমস।

০২। আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে ময়মনসিংহে ব্যাপক প্রস্তুতি

আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৩ সূষ্ঠু ও নির্বিঘ্নে সম্পাদনের লক্ষ্যে ময়মনসিংহে প্রস্তুতি চলমান রয়েছে। হিন্দু সম্প্রদায়ের মধ্যে বেশ উদ্দীপনা লক্ষ্য করা গেছে। মঙ্গলবার (১০ অক্টোবর) রাতে নগরীর বিভিন্ন মন্দির ও প্রতিমা গড়ার প্রতিষ্ঠান পরিদর্শন করেছেন ময়মনসিংহ জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান ও পুলিশ সুপার মাছুম আহাম্মদ ভূঞা। পুলিশ সুপার প্রতিমা তৈরীর সময় নিরাপত্তা ও যথাযোগ্য সম্মান রক্ষার ব্যাপারে গুরুত্বারোপ করেন এবং আনন্দ ও উদযাপনের মাধ্যমে শারদীয় দুর্গাপূজার সার্বিক প্রতিপালন নিশ্চিতকল্পে সর্বোচ্চ সতর্কতা বজায় রাখার ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। এছাড়া ময়মনসিংহের গৌরীপুর পৌরসভায় মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ঈষিকা, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন ও দৈনিক আজকের ময়মনসিংহ।

০৩। সাম্প্রতিক বৃষ্টিতে মৎস্য চাষীদের ব্যাপক ক্ষতি

ময়মনসিংহের ফুলবাড়িয়ায় মাছ চাষী আদম আলীর প্রায় এক কোটি টাকার মাছ সম্প্রতি বৃষ্টির পানিতে ভেসে গেছে। ফুলবাড়িয়া উপজেলা মৎস্য অফিসের দাবি, ১৩টি ইউনিয়নের প্রায় ৩৫ শতাংশ পুকুর খামার তলিয়ে কয়েক কোটি টাকার মাছ ভেসে গেছে। শেরপুরের শ্রীবরদীতে এক হাজার ছত্রিশ হেক্টর জমির ধান ও সবজি পানির নিচে তলিয়ে গেছে। ভেসে গেছে পুকুরের মাছ। উপজেলার সিংগাবরুনা, রানীশিমুল, কাকিলাকুড়া, গরজরিপা, কুড়িকাহনিয়াসহ বিভিন্ন ইউনিয়নের কৃষকদের আমন ধান ও সবজি পানির নিচে রয়েছে। উপজেলা কৃষি অফিস সূত্রে জানা যায়, উপজেলার বিভিন্ন ইউনিয়নের ৯২৩ হেক্টর জমির রোপা আমন ধান ও ১১৩ হেক্টর জমির সবজি ক্ষেত নিমজ্জিত হয়েছে। সূত্র: দৈনিক সবুজ ও দৈনিক নিউ টাইমস।

০৪। ময়মনসিংহের ত্রিশালে বাস চাপায় দুই নারীসহ নিহত ০৬

ময়মনসিংহের ত্রিশালে বাস চাপায় দুই নারীসহ ছয় যাত্রী নিহত হয়েছে। বুধবার (১৯ অক্টোবর) সকাল সাড়ে সাতটার দিকে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের চেলেরঘাট নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। ঘটনাস্থলেই তিন যাত্রী ও ত্রিশাল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পর একজন নিহত হয়। পরে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পর আরও এক পুরুষ ও অপর একজন মহিলার মৃত্যু হয়। এ ঘটনায় বাসের আরও দশ যাত্রী আহত হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, দৈনিক দিগন্ত বাংলা, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন ও দৈনিক আজকের ময়মনসিংহ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক সবুজ:** গত ৫ অক্টোবর থেকে শুরু হয়েছে বিশ্বকাপ ক্রিকেট। বিশ্বকাপ ক্রিকেট খেলাকে কেন্দ্র করে সারাদেশে ফের সক্রিয় হচ্ছে অনলাইনে জুয়াচক্রের সদস্যরা। জুয়াখেলার নামে সাধারণ মানুষের সর্বস্ব লুটে নিচ্ছে এ চক্রটি। যেহেতু ইন্টারনেটের জগতে কোনো কিছুই পুরোপুরি বন্ধ করা যায় না, সরকার থেকে বন্ধ করা সাইটে চাইলেই ভিপিএন এর মাধ্যমে প্রবেশ করা যায়; তাই অনলাইন জুয়া সম্পূর্ণ নির্মূল করার জন্য প্রয়োজন জনসচেতনতা। প্রযুক্তির পাশাপাশি সামাজিক আন্দোলন সৃষ্টি করে বন্ধ না করলে অনলাইন জুয়া নির্মূল করা সম্ভব হবে না।
- (খ) **দৈনিক স্বদেশ সংবাদ:** বর্তমান সরকারের কৃষিক্ষেত্রে গৃহীত উন্নয়ন কর্মকান্ডের ফলে কৃষির প্রত্যেকটি খাতে ধনাত্মক পরিবর্তন দেখা গেছে। তবে এবারের টানা বৃষ্টি ও ভারত থেকে নেমে আসা ঢলে সারাদেশে ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। এর ফলে খাদ্য নিরাপত্তাও হুমকিতে পড়তে পারে। টানা বৃষ্টি ও বন্যায় যে ক্ষতি হয়েছে তা পূরণে দ্রুত পদক্ষেপ নিতে হবে এবং কৃষকের ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠতে সরকারকে করতে হবে সর্বাঙ্গিক সহায়তা।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। ফিলিস্তিন সমস্যা নাকি ইসরাইলি?- মিলু শামস (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০২। পারিবারিক ও সামাজিক বন্ধনে ক্ষমা ও বিনয়ের গুরুত্ব- লুৎফর রহমান নাঈম (দৈনিক নিউ টাইমস)
- ০৩। মানসিক স্বাস্থ্য নিয়ে উদাসীনতা- নুসরাত জাহান শূচি (দৈনিক সবুজ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।